

সাম্প্রতিক বছর সমূহের প্রধান অর্জনসমূহ: নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে মাগুরা জেলায় নিরাপদ খাদ্য অফিসার ২৭-১০-২০২০ইং তারিখে যোগদান করেন। ইতোমধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয় মাগুরা এর চুক্তিভিত্তিক ভাড়ায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাগুরা সদর এর সংলগ্ন এবং টি টি ডি সি পাড়া এলাকায় কার্যালয় স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। মুজিববর্ষকে সামনে রেখে মাগুরাতে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপদতা শীর্ষক উপজেলা পর্যায়ে ৩টি সেমিনার, জেলা পর্যায়ে ১ টি ও স্কুল সেমিনার ২ টি সভা/সেমিনারের আয়োজন করা হয়েছে। এছাড়াও পাবলিক মিটিং, ভিডিও প্রদর্শন, মাইকিং, লিফলেট ও প্যাম্পলেট বিতরণ ইত্যাদি প্রচারমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিএফএসএ মাগুরা জেলা কার্যালয় হতে ২০২১-২০২২ অর্থবছরে ১৭০ জন খাদ্যকর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। খাদ্য পণ্যের গুণগতমান ও নিরাপদতা নিশ্চিতকরণের জন্য ২০২১-২২ অর্থবছরে ১০ টি খাদ্য নমুনা পরীক্ষা করার জন্য বিভিন্ন পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে এবং নিরাপদ খাদ্য বিষয়ে জনগণের অভিযোগ ও পরামর্শ গ্রহণের জন্য হটলাইন সেবা ৩৩৩ এ প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।